

তারিখ : ২৩/০৯/২০১৯ খ্রিঃ

স্মারক নং - ২৭৪৪(২৪)।

বরাবর

উপজেলা কৃষি অফিসার  
----- উপজেলা (সকল),  
বগুড়া।

বিষয় : চলতি আমন মৌসুমে বিভিন্ন পোকামাকড়, রোগ বালাইয়ের আক্রমণ হতে ফসল রক্ষার্থে করণীয়।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে/ আপনাদেরকে জানানো যাচ্ছে যে, বর্তমানে মাঠে আমন ধান দস্যায়মান রয়েছে। মৌসুম চলাকালীন সময়ে বিভিন্ন রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ হওয়ার সম্ভাবনা থাকে। এজন্য নিয়মিত মাঠ মনিটরিং সহ অতন্দ্র জরিপের কার্যক্রম জরুরি। এ প্রেক্ষিতে আপনার উপজেলায় আমন ফসলের রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ থেকে ফসল রক্ষার্থে পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী নিম্নে উল্লেখিত সর্তকর্তা অবলম্বনের জন্য বলা হলো।

- মাজরা পোকা, পাতা মোড়ানো পোকা, চুংপি পোকা, সবুজ পাতা ফড়িং, বাদামী গাছ ফড়িং (বিপিএইচ), সাদা পিঠ গাছ ফড়িং, গান্ধি পোকা, শীষ কাটা লেদা পোকা, থ্রিপস ইত্যাদি পোকার আক্রমণ হতে ফসল রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থাপনা গ্রহণ করতে বলা হলো।
- ব্যাকটেরিয়া জনিত পাতা পোড়া, খোল পোড়া, ব্লাস্ট, বাদামী দাগ, খোল পঁচা, টুংরো, বাকানি এবং লক্ষির ও (False smut) রোগ দমনের যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে বলা হলো।
- আপনার উপজেলায় ০৫টি অতন্দ্র জরিপ স্কোর কার্যক্রম জোরদার করার পাশাপাশি নিয়মিত অতন্দ্র জরিপের সাপ্তাহিক বাস্তবভিত্তিক প্রতিবেদন প্রেরণের জন্য বলা হলো।
- আলোক ফাঁদের অগ্রিম কর্মসূচি অত্র দপ্তরে প্রেরণ সহ তা যথাযথভাবে বাস্তবায়ন সহ মনিটরিংকৃত পোকার প্রতিবেদন নিয়মিত প্রদানের জন্য বলা হলো।
- পোকামাকড় ও রোগবালাই দমনে পিপি স্কোয়াড গঠনপূর্বক তা অত্র দপ্তরকে অবহিত করণ সহ সদাসর্তক অবস্থানে তৎপর রাখার জন্য বলা হলো।
- ইঁদুরের আক্রমণ হতে ফসল রক্ষার্থে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য বলা হলো।

এ বিষয়গুলো বহুল প্রচারের জন্য প্রয়োজনীয় লিফলেট, পরামর্শপত্র, হ্যান্ডআউট বিলি সহ নিয়মিত দলীয় আলোচনা, উঠান বৈঠক এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ভিডিও প্রদর্শনের ব্যবস্থা করার জন্য বলা হলো।

উপরোক্ত করণীয় গুলো অনুসরণ করে আমন ধান উৎপাদনকে নির্বিঘ্ন করতে হবে। কোন কর্মকর্তা অথবা মাঠ কর্মীর গাফিলতির কারণে কোন এলাকায় উপরোক্ত বিষয়ের যে কোন ব্যত্যয় তার ব্যক্তিগত বর্খ্যতা হিসেবে গণ্য করা হবে।

\*বিষয়টি অতীব জরুরি।

  
উপপরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
বনানী, বগুড়া।  
ফোনঃ ০৫১-৬৬১০২

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া।